**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05-02-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.35 A.M.** **Compiling & NR : NBR**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যে শিল্পক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধিতে অষ্টম দফায় বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন আজ শুরু হচ্ছে।

২/ রাস্তাঘাট ও জনবহুল স্থানে যত্রতত্র থুতু, পান ও গুটখার পিক ফেলে পরিবেশ নোংরা করার প্রবণতা আটকাতে আরও কঠোর হচ্ছে রাজ্য সরকার।

৩/ RG KAR মেডিকেল কলেজ ও হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় আজ আলিপুর আদালতে চার্জ গঠনের প্রক্রিয়া শুরু হবে।

৪/ রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় ও পশ্চিমবঙ্গ নাট্য একাডেমির আয়োজনে আজ বিকেলে রবীন্দ্রসদনে ২৪-তম নাট্যমেলার আনুষ্ঠানিক সূচনা হবে।

৫/ ISL ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ পাঞ্জাব এফ সি-র বিরুদ্ধে খেলবে।

************************************************************************

রাজ্যে শিল্পক্ষেত্রে বিনিয়োগ বৃদ্ধিতে অষ্টম দফায় বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন আজ শুরু হচ্ছে। নিউ টাউনের বিশ্ববাংলা কনভেনশন সেন্টারে প্রস্তাবিত দু-দিনের এই সম্মেলনে ২৫ জন রাষ্ট্রদূত এসেছেন। এছাড়াও ভুটানের রাজা জিগমে খেসর নাম গিয়েল ওয়াংচুক, ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন, শিল্পপতি মুকেশ আম্বানী, সজ্জন জিন্দাল প্রমুখ সম্মেলনে যোগ দেবেন।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন- ( ভিসি-অভিরূপ )

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল নিউটাউনের ইকো পার্কে, সাংবাদিকদের বলেন, এবারের বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন এক অনন্য অনুষ্ঠান হতে চলেছে।

(বাইট- মমতা)

এদিকে, বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন হলেও রাজ্যে একের পর এক শিল্প বন্ধ হয়ে যাচ্ছে বলে অভিযোগ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

(বাইট- শুভেন্দু)

বিগত বছরগুলির সম্মেলন থেকে কতটা বিনিয়োগ এসেছে, তা' নিয়ে প্রশ্ন তোলেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী।

********************

বাংলাদেশের বর্তমান অবস্থার প্রেক্ষিতে রাজ্য সরকার, আরও এক দফায় 'আউট পোস্ট' তৈরি ও কাঁটাতার দেওয়ার জন্যে সীমান্ত সুরক্ষা বাহিনী BSF-কে জমি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সংক্রান্ত একটি প্রস্তাব গৃহীত হয়। বৈঠক নিয়ে সরকারিভাবে কিছু না জানানো হলেও, একটি আউটপোস্ট তৈরির জন্য জলপাইগুড়ির বিন্নাগুড়িতে এবং কাঁটাতার দেওয়ার জন্যে মালদার নারায়নপুরে উনিশ একরের বেশি জমি দেওয়া হবে বলে স্থির হয়েছে।

এছাড়াও চা পর্যটনের উন্নয়নে উত্তরবঙ্গের আলিপুরদুয়ারের দুটি ও জলপাইগুড়ির একটি নতুন হোমস্টে-কে চা বাগানের অব্যবহৃত জমি দেওয়া সংক্রান্ত একটি প্রস্তাবও গৃহীত হয়। আলোচনা হয়েছে বিধানসভার আসন্ন বাজেট অধিবেশন নিয়েও। বাজেট সংক্রান্ত যে সব বিল অধিবেশনে আনা হবে বৈঠকে সেগুলি ছাড়পত্র পেয়েছে।

********************

রাস্তাঘাট ও জনবহুল স্থানে যত্রতত্র থুতু, পান ও গুটখার পিক ফেলে নোংরা করার প্রবণতা আটকাতে আরও কঠোর হচ্ছে রাজ্য সরকার। নবান্নে গতকাল রাজ্য মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, পথঘাটে থুতু বা পানের পিক ফেলা নিয়ে বর্তমান আইন আরও কঠোর করার নির্দেশ দিয়েছেন। বর্তমান আইনে প্রকাশ্যে থুতু বা গুটখার পিক ফেলার প্রথম ঘটনায় ১ হাজার টাকা জরিমানার সংস্থান রয়েছে। দ্বিতীয়বার ধরা পড়লে জরিমানার পরিমাণ ২ থেকে ৫ হাজার টাকা পর্যন্ত হতে পারে। মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী স্পষ্টভাবে জানান, এই সমস্যা নিয়ন্ত্রণে আরও কঠোর আইন আনা বা জরিমানার অঙ্ক বাড়ানো সম্ভব কিনা, তা পর্যালোচনা করতে হবে। সেইসঙ্গে, মুখ্যসচিবকে এই বিষয়ে দ্রুত পদক্ষেপ নেওয়ার কথাও বলেন তিনি।

*********************

ক্যান্সার রোগ নির্ণয় ও চিকিৎসা সহ বিভিন্ন আনুষঙ্গিক খরচ কমাতে রাজ্য সরকার উদ্যোগী হচ্ছে। এর প্রাথমিক ধাপ হিসাবে সব জেলা হাসপাতালে অঙ্কলজি আউটডোর পরিষেবা চালু হয়েছে। যেখানে কেমো থেরাপির সুবিধাও মিলছে। আগামী দিনে মহকুমা স্তরেও এই পরিষেবা পৌছে দেওয়ার প্রস্তুতি চলছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। এ রাজ্যে সরকারি স্বাস্থ্য পরিষেবা বিনামূল্যে পাওয়া গেলেও ফলো-আপ থেরাপিতে শুধু বিনামূল্যে ওষুধ পাওয়া যায়। অন্যান্য পরীক্ষা নিরীক্ষার খরচ রোগী বা তার পরিবারকেই বহন করতে হয়। এই সমস্যা থেকে তাদের মুক্তি দিতেই ব্যবস্থা নিচ্ছে রাজ্য সরকার।

*********************

RG KAR মেডিকেল কলেজ ও হাসপাতালে আর্থিক দুর্নীতির মামলায় আজ আলিপুর আদালতে চার্জ গঠনের প্রক্রিয়া শুরু হবে। এই মামলায় গত ২৯ নভেম্বর নিম্ন আদালতে চার্জশিট জমা দিয়েছিল সিবিআই। চার্জশিটে RG KAR-এর প্রাক্তন অধ্যক্ষ ধৃত সন্দীপ ঘোষ সহ মোট পাঁচজনের নাম আছে।

কলকাতা হাইকোর্ট RG KAR-এ আর্থিক দুর্নীতির মামলায় চার্জ গঠন করে বিচার প্রক্রিয়া শুরু করার নির্দেশ দিয়েছে।

*********************

রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় ও পশ্চিমবঙ্গ নাট্য একাডেমির আয়োজনে আয়োজিত আজ বিকেলে রবীন্দ্রসদনে ২৪-তম নাট্যমেলার আনুষ্ঠানিক সূচনা হবে। চলবে আগামী ১৩ ই ফেব্রুয়ারি পর্যন্ত।

রবীন্দ্রসদন বাদে শিশির মঞ্চ,মধুসূদন মঞ্চ, তৃপ্তি মিত্র সভা গৃহ, একতারা মুক্ত মঞ্চে পূর্ণদের্ঘের নাটক ছাড়াও স্বল্প দৈর্ঘ্য, পথনাটিকা, পুতুল নাটক ও মুকাভিনয় পরিবেশিত হবে। একাডেমির সহ সভাপতি অর্পিতা ঘোষ আকাশবাণীকে জানিয়েছেন, এবছর বিশেষ থিয়েটারি আড্ডার আয়োজন করা হয়েছে।

( বাইট- অর্পিতা ঘোষ নাটক )

*********************

যাত্রী সাচ্ছন্দ সুনিশ্চিত করতে রেলের পক্ষ থেকে একগুচ্ছ উদ্যোগ নেওয়া হচ্ছে বলে পূর্ব রেলের জেনারেল ম্যানেজার মিলিন্দ দেওস্কর জানিয়েছেন। ভারতীয় রেলের বৈদ্যুতিক ট্রাকশান ও শহরতলীর লোকাল ট্রেন পরিষেবার শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে হাওড়া স্টেশনে গতকাল আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, দীর্ঘমেয়াদী পরিষেবা পাওয়ার জন্য কখনো কখনো সাময়িকভাবে যাত্রীদের কিছু সমস্যার সম্মুখীন হতে হয়। লাইন এবং সিগনালিং ব্যবস্থা আরো উন্নত হলে লোকাল ট্রেনের সংখ্যা বাড়ানো সম্ভব হবে। রেলের বৈদ্যুতিকরণের কাজ প্রায় একশ শতাংশ সম্পূর্ণ হয়েছে বলে উল্লেখ করেন তিনি। ( বাইট- রেল মিলিন্দ দেওস্কর )

*********************

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরের বাজারে মন্ডলপাড়ার একটি বাড়ি থেকে এক কোটি টাকারও বেশি নিষিদ্ধ মাদক পুলিশ উদ্ধার করেছে। মিলেছে কয়েক লক্ষ নগদ টাকাও। স্পেসাল টাস্ক ফোর্স নির্দিষ্ট খবরের ভিত্তিতে গতকাল অভিযান চালায়।

জানা গেছে, স্থানীয় এক হোমিওপ্যাথি চিকিৎসকের বাড়িতে ভাড়া থকত মোকলেস শেখ নামে এক ব্যক্তি। সে মাদক পাচারের সঙ্গে যুক্ত বলে অভিযোগ। এই কাজে সহযোগী

ছিলেন তাঁর শ্বাশুড়ি সেরিনা বিবি। তিনি মাদক বাহকের কাজ করতেন। পুলিশ এই দুজনকেই গ্রেপ্তার করেছে। আজ তাদের আদালতে তোলা হচ্ছে।

*********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ মেলায় যাবেন। ত্রিবেণী সঙ্গমে স্নান করবেন তিনি।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, প্রধানমন্ত্রী ত্রিবেণী সঙ্গমে পুজো দেবেন, মহাকুম্ভে সাধু-সন্তদের সঙ্গেও দেখা করবেন।

উল্লেখ্য, ১৩ই জানুয়ারি থেকে শুরু হওয়া মহাকুম্ভ মেলায় এখনো পর্যন্ত ৩৮ কোটি পুণ্যার্থী পুণ্যস্নান করেছেন।

*********************

আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, পাঞ্জাব এফ সি, র বিরুদ্ধে খেলবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ১৯ ম্যাচে ৪৩ পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার শীর্ষে রয়েছে। নবম স্থানে থাকা পাঞ্জাব ১৭ ম্যাচে ২৩ পয়েন্ট সংগ্রহ করেছে।

*********************

উত্তরাখন্ডের দেহরাদুনে ন্যাশনাল গেমসের সপ্তম দিনে গতকাল বাংলা আরও দুটি ব্রোঞ্জ পদক পেয়েছে। পুরুষদের ওয়াটারপোলোয় বাংলা, ১৫-১৪ গোলে কেরালাকে এবং মহিলা বিভাগে, ১১-৩ গোলে কর্ণাটককে পরাজিত করে ব্রোঞ্জ পদক জিতে নিয়েছে।

**********************************************************************